আমাদের পণ্যটি বেছে নেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। ব্যবহার করার আগে অনুগ্রহ করে এই Owner's Manual টি ভালোভাবে পড়ুন এবং ভবিষ্যতে প্রয়োজনের জন্য সংরক্ষণ করুন।যদি নির্দেশিকা হারিয়ে যায়, তবে আমাদের ওয়েবসাইট www.hbcibd.org থেকে ইলেকট্রনিক ভার্সনটি পুনরায় ডাউনলোড করতে পারেন অথবা পণ্যের লেবেলের দেওয়া বারকোড স্ক্যান করুন।

# Owner's Manual Version 2

## ShineMod Multi Purpose Cleanser

প্রতি (১) লিটার পানির সাথে ১ মিঃ লিঃ বা ২০ ফোটা শাইনমড, স্প্রে বোতল বানিয়ে কাপড়ের ন্যাকড়া বা মাইক্রো ফাইবার দিয়ে পরিষ্কার করার জন্য

- আসবাবপত্র: টেবিল, চেয়ার, কেবিনেট, কাঠ/স্টিল/প্লাস্টিকের ফার্নিচার, শিশুদের খেলনা— গ্রীল দৈনন্দিন ধুলোবালি ও হাতের ছাপ দূর করতে।
- কাঁচ ও গ্লাস সারফেস: জানালা, আয়না, চশমা, গ্লাস পার্টিশন—ঝকঝকে ও দাগমুক্ত রাখতে।
- হাতের স্পর্শকাতর স্থান: দরজার হাতল, সুইচ বোর্ড, লিফটের বোতাম—নিয়মিত স্প্রে করে পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখা যায়।
- ইলেকট্রনিক্সের বাহির: ফ্রিজ,ফ্যান, টিভি মাইক্রোওভেন, কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য ডিভাইসের বাইরের অংশ—ধুলো ও দাগমুক্ত রাখতে (বিদ্যুৎ সংযোগ বন্ধ অবস্থায়)।
- পাবলিক এরিয়া: দোকান, অফিস, ব্যাংক, রেস্টুরেন্ট বা ওয়েটিং এরিয়ার স্পর্শকাতর স্থান—পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে।

ShineMod ল্যাব-টেস্টেড এবং গ্রাহকের ব্যবহার ও প্রতিক্রিয়ার ভিত্তিতে Owner's Manual ভার্সন ২-এ উন্নীত করা হয়েছে, আরও কার্যকর ও নিরাপদ পরিষ্কারের জন্য।

## সকল ধরনের সাধারণ ক্লিনিংয়ের জন্য স্ট্যান্ডার্ড ডাইলিউশন

১০ লিটার পানির সাথে ৫ মিঃ লিঃ বা অর্ধেক কাপ শাইনমড: কাপড়ের ন্যাকড়া,মপ,মাইক্রো ফাইবার, ইত্যাদি দিয়ে পরিষ্কার করার জন্য

- ঘর ও অফিসের মেঝে: টাইলস, মার্বেল, গ্রানাইট, ভিনাইল বা সিমেন্টেড ফ্লোর—দৈনন্দিন ধুলোবালি ও দাগ দূর করতে।
- রান্নাঘর: রান্নাঘরের মেঝে, সিঙ্ক ও চারপাশের এলাকা যেখানে তেলচিটচিটে দাগ ও খাবারের দাগ জমে। বিশেষ জায়গায় প্রয়োজনে স্প্রে ব্যাবহার করুন।
- বাথরুম: টাইলস, ফ্লোর,যেখানে পানির দাগ, সাবানের আস্তর বা দুর্গন্ধ হতে পারে।
- শোরুম/রেস্টুরেন্ট/স্কুল/হাসপাতাল/মল: প্রবেশ পথ, ফ্লোর, লবি, ও কমন এরিয়া যেখানে প্রতিদিন বেশি মানুষের চলাচল হয় এবং পরিচ্ছন্নতা জরুরি।
- এক কথায় যে সব জায়গা মপ বা ন্যাকড়া দিয়ে পরিষ্কার করা যায় এমন স্থান বা পাত্র।

যে সব জায়গা পরিষ্কার করা যাবে,স্প্রে দিয়ে স্পর্শকাতর ছোট সারফেস ও মপ/কাপড় দিয়ে বড় সারফেস। ময়লা অনুসারে ShineMod এর পরিমান বাড়ানো যেতে পারে অথবা সরাসরি প্রয়োগ করা যেতে পারে। সকল ক্ষেত্রে শাইনমড নিরাপদ।

## Bathroom, Basin & Floor /Tiles Cleaning (ShineMod)

বাথরুম, কমোড, বেসিন এবং টাইলস বা মেঝেতে বা প্রাসঙ্গিক জায়গাতে মাঝারি ময়লার জন্য ShineMod সরাসরি ব্যবহার করুন।

বেশি জমে থাকা বা পুরনো দাগ—যেমন ওয়াটার স্টেইন, সাবানের আস্তর, আয়রনের দাগ, হলুদ দাগ, ইউরিনের দাগ বা অন্যান্য কষ্টসাধ্য দাগ—সেখানে Booster A প্রয়োজনে যুক্ত করে ব্যবহার করুন প্রয়োজন উনুসারে, সহজে পরিষ্কারের জন্য।

ভালো মানের নাইলন ব্রাশ, স্টিলের মাজোনি, স্ক্যাবার বা সাদা সিরিস কাগজ ব্যবহার করা যেতে পারে। দুইবার বা এর বেশি পুনরায় ঘষতে হতে পারে যদি দাগ খুব পুরনো হয়।

একবার দাগ পুরোপুরি উঠলে নিয়মিত সংমিশ্রণ দিয়ে নিয়মিত পরিষ্কার করলে ভবিষ্যতে কষ্টসাধ্য দাগ জমবে না।

## Kitchen Grease & Surface Cleaning (ShineMod)

রান্নাঘরে যেখানে তেল, চর্বি বা grease জমে—যেমন এক্সহস্ট ফ্যান, গ্রিল, কুকিং সারফেস বা অন্য যেকোনো জায়গা যেখানে নিয়মিত রান্নার কারণে ময়লা জমে—সেখানে ShineMod সরাসরি ব্যবহার করুন।

প্রয়োজনে Booster B যুক্ত করতে পারেন, প্রতি ১০০ মি.লি. ShineMod-এ ৫ মি.লি. Booster B ব্যবহার করা যেতে পারে।

পরিষ্কারের জন্য ভালো মানের নাইলন ব্রাশ, স্ক্র্যাবার, স্টিলের মাজোনি বা সাদা সিরিস কাগজ ব্যবহার করা যেতে পারে।

এভাবে নিয়মিত নিদৃষ্ট সময় পর পর পরিষ্কার করলে grease ও দাগ সহজে উঠে যাবে এবং ধুলোবালি/চর্বি জমার সমস্যা কমবে।

- নির্দিষ্ট কাজ অনুযায়ী উপরের ডাইলিউশন অনুযায়ী Shinemod ও পানি বা Booster A-B মিশিয়ে নিন।
- রাসায়নিক ঠিকভাবে মিশানোর জন্য মিশ্রণটি ১০–১৫ সেকেন্ড নেড়ে নিন।
- পরিষ্কার মপ/ ন্যাকড়া/ব্রাশ/মাজনি/স্ক্র্যাবার ভিজিয়ে কাজ শুরু করুন। প্রয়োজনে ব্যবহার শেষে মপটি পুনরায় মিশ্রণে ভিজিয়ে নিন।
- ফার্নিচার, সুইচ বোর্ড, রিমোট, ইলেকট্রনিক্স ইত্যাদি – প্রথমে মিশ্রণটি সরাসরি সারফেসে স্প্রে না করে মাইক্রোফাইবার কাপড়ে স্প্রে করুন এবং তারপরে ওই কাপড় দিয়ে আস্তে আস্তে মুছুন।
- গ্লাস বা আয়না – প্রথমে হালকা ভেজা কাপড়ে মুছুন, এরপর একটি শুকনো কাপড়/টিস্যু দিয়ে আবার মুছে ফিনিশিং দিন যাতে কোনো দাগ বা ছোপ না থাকে।
- কাপড় (ফ্যাব্রিক) পরিষ্কার করার ক্ষেত্রে – নির্দিষ্ট ডাইলিউশনে কাপড় ৫–৭ মিনিট ভিজিয়ে রাখুন, তারপর নরম ব্রাশ বা হাতে ঘষে পরিষ্কার করুন এবং শেষে পরিষ্কার পানিতে ধুয়ে ফেলুন।
- হাত ধোয়ার জন্য – মিশ্রণটি হ্যান্ডওয়াশ বোতলে নিয়ে ভেজা হাতে ২০ সেকেন্ড ধরে ঘষে ধুয়ে ফেলুন এবং পরিশেষে পরিষ্কার পানি দিয়ে হাত ধুয়ে শুকিয়ে নিন।
- ShineMod কে Dishwash হিসেবে ব্যবহার শেষে, সবসময় ভালোভাবে পানিতে ধুয়ে ফেলুন।
- অনেক জেগী দাগ বা ময়লার ক্ষেত্রে প্রথমে হালকা গরম পানি (৫০-৬০)°C যে কোন উপায়ে ময়লার উপর প্রয়োগ করে ময়লা আলগা করে নিন, (অল্প অল্প জায়গা নিয়ে) এবং উপরের পন্থা অনুসারে পরিষ্কার করুন।

## ShineMod দিয়ে কাপড় পরিষ্কার

- কাপড় পরিষ্কার (সাধারণভাবে)

১৫ লিটার বা অর্ধেক বালতি পানিতে ১০ মি.লি. ShineMod দিয়ে হালকা হাতে মিশিয়ে ফেনা তৈরি করুন। এরপর একে একে কাপড় ভিজিয়ে নরম হাতে ভালোভাবে ঘষুন বা দোলানো/কাচানো দিয়ে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলুন। একইভাবে বাকি কাপড় গুলো পরিষ্কার করুন।

- ওয়াশিং মেশিন

আংশিক লোডে ১০–১৫ মি.লি., ফুল লোডে ২০ মি.লি. ShineMod ব্যবহার করুন।

উভয় ক্ষেত্রে কাপড় অনুযায়ী মিশ্রণ সামঞ্জস্য করা যেতে পারে।

## Hand Wash / Hand Sanitizer হিসাবে (ShineMod)

হাত পরিষ্কারের জন্য ৫ মি.লি. ShineMod ২৫০–৫০০ মি.লি. পানিতে মিশিয়ে হ্যান্ড ওয়াশের বোতল বা ডিসপেন্সারে ব্যবহার করুন।
এতে ফেনা বেশি না হলেও হাত জীবাণুমুক্ত, সুস্থ অবস্থা ও ময়লা মুক্ত থাকে।
ব্যবহার করার আগে পানি দিয়ে হাত ভিজিয়ে মিশ্রণ নিন প্রয়োজন অনুযায়ী।

ভালোভাবে দুই হাত ব্যবহার করে ঘষুন, এরপর পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলুন।

## Others Utility & Tools Cleaning (ShineMod)

ShineMod ব্যবহার করে বিভিন্ন ইউটিলিটি ও ক্লিনিং টুলস—যেমন গারবেজ বিন, মপ, ব্রাশ, সোয়াকিং টুলস বা ড্রেন—সহজেই পরিষ্কার ও জীবাণুমুক্ত করা যায়।

এ ক্ষেত্রে ৫–১০ মি.লি. বা আধা কাপ থেকে এক কাপ ShineMod প্রয়োজন অনুযায়ী অল্প পানির সাথে মিশিয়ে ব্যবহার করুন।

ময়লার পরিমাণ বা অবস্থা অনুযায়ী ঘনত্ব সমন্বয় করে সরাসরি বা পানির সাথে মিশিয়ে প্রয়োগ করলে কার্যকরভাবে দাগ, দুর্গন্ধ ও জীবাণু দূর হবে।

পরিষ্কারের জন্য ভালো মানের নাইলন ব্রাশ, স্ক্র্যাবার, স্টিলের মাজোনি ব্যবহার করা যেতে পারে।

## Dishwashing / রান্নার কাজে (ShineMod)

হালকা তেল বা বাড়ির সাধারণ ব্যবহারের জন্য ছোট বাটিতে হালকা পানি নিন এবং ১০–১৫ মি.লি. ShineMod মিশিয়ে ফেনা তৈরি করুন।
থালা, পাত্র বা রান্নার উপকরণ, স্টিলের মাজোনি, স্ক্যাবার বা নাইলনের স্পঞ্জ মিশ্রণে ভিজিয়ে নিয়ে ঘষুন এবং পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলুন।

প্রয়োজন অনুসারে পানি বা ShineMod সামঞ্জস্য করুন। বা সরাসরি ব্যাবহার করুন

হোটেল বা রেস্টুরেন্টের তুলনামূলক বেশি তেল বা বড় পরিমাণের ধোয়ার জন্য ১০–১৫ লিটার পানিতে ১০০ মি.লি. ShineMod মিশিয়ে নিন, প্রয়োজনে Booster B ৫ মি.লি. প্রতি ১০০ মি.লি. ShineMod-এ ব্যবহার করতে পারেন।

থালা বা পাত্র মিশ্রণে ১০–১৫ মিনিট ভিজিয়ে রাখুন এবং স্টিলের মাজোনি, স্ক্যাবার বা নাইলনের স্পঞ্জ দিয়ে ঘষে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলুন।

অতিরিক্ত তেল, পোড়া দাগ বা কালো দাগ থাকলে প্রতিটি ১০০ মি.লি. মিশ্রণে ৫ মি.লি. Booster B যোগ করে সরাসরি ঘষুন। এর ফলে থালা ও পাত্র ঝকঝকে, দাগমুক্ত এবং তেলমুক্ত থাকে।

## ShineMod – Tested & Standardized

BCSIR (INARS) পরীক্ষার ফলাফল অনুযায়ী ShineMod-এর pH (2% solution) 7.8, যা BDS-এর গ্রহণযোগ্য সীমা (4.5–10.5)-এর মধ্যে রয়েছে। পণ্যটি ইন্ডিগো-রঙের স্বচ্ছ তরল এবং মাইক্রোবায়োলজিক্যাল সেফটির ক্ষেত্রে E. coli, Salmonella, Yeast & Mold সম্পূর্ণ অনুপস্থিত নিশ্চিত করা হয়েছে।

ShineMod-এর ফর্মুলেশন BDS, ISO ও WHO এর নির্দেশনা ও গাইডলাইনের সাথে সামঞ্জস্য রেখে তৈরি, যা এটিকে একটি নিরাপদ, কার্যকর ও মাল্টিপারপাস ক্লিনিং সলিউশন হিসেবে প্রমাণিত করে।
Reference Standards: BDS 1859:2021, BDS 1554:2021, BDS 1707:2021, ISO 2271, ISO 2871, ISO 8381.

## সতর্কতা (Precaution)

- শিশুদের নাগালের বাইরে রাখুন।
- চোখ ও মুখে সরাসরি লাগানো থেকে বিরত থাকুন।
- ভুলবশত চোখে লাগলে সঙ্গে সঙ্গে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলুন।
- প্রয়োজন হলে ডাক্তারের পরামর্শ নিন।
- ঠাণ্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন, সরাসরি সূর্যের আলো এড়িয়ে চলুন।
- ত্বকে লাগলে: পানি দিয়ে ধুয়ে ফেলুন
- মুখে গেলে: কুলি করুন এবং প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন
- শ্বাসে গেলে: তাজা বাতাসে নিয়ে বিশ্রাম দিন
- নন-অ্যাসিডিক তরল,সাধারণ ব্যবহারে ঝুঁকি নেই । চোখে সরাসরি লাগলে সামান্য জ্বালা হতে পারে।
- শ্বাসনালী সুরক্ষা: সাধারণ ব্যবহারে প্রয়োজন নেই
- চোখের সুরক্ষা: স্প্ল্যাশ এড়িয়ে চলুন
- ত্বকের সুরক্ষা: দীর্ঘ সময় কনসেনট্রেট ব্যবহারে গ্লাভস ব্যবহার করুন